

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

ডাইফ ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ এজাজ আহমেদ জাবের
অতিরিক্ত মহাপরিদর্শক ও ইনোভেশন অফিসার
সভার তারিখ : ১৯/০৫/২০২১
সভার সময় : সকাল ১১.০০ টা
স্থান : মিনি সভাকক্ষ, প্রধান কার্যালয়
উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব, শ্রম পরিদর্শক (সাধারণ), অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রম ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতি পর্যালোচনা	১. অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় যে সকল উদ্ভাবনী ধারণা গ্রহন করা হয়েছে সেসকল ধারণা প্রদানকারী কর্মকর্তাদের স্বীকৃতি প্রদান করা যেতে পারে বলে সভাপতি মতামত দেন। ২. অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়ে একটি শো-কেসিং আয়োজন করা যায় বলে সভাপতি মতামত দেন। ৩. অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য জেলা কার্যালয় সমূহ থেকে উদ্ভাবনী ধারণা আহবান করে পত্র জারি করতে হবে বলে সদস্য সচিব সভাকে জানান। তিনি সভায় পত্রের খসড়া উপস্থাপন করেন।	১. স্বীকৃতি স্বরূপ উদ্ভাবকদের ক্রেস্ট এবং সনদ প্রদান করতে হবে। এ সংক্রান্ত আনুষ্ঠানিক আদেশজারি করে চলতি মাসের মধ্যে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২. অধিদপ্তরের মিনি সভাকক্ষে প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে সীমিত পরিসরে উদ্ভাবন প্রদর্শনীর আয়োজন চলতি মাসের শেষে সম্পন্ন করতে হবে। ৩. ধারণা আহবানের সময় ১৫ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করে পত্রজারি করতে হবে।	প্রশাসন ও উন্নয়ন শাখা, ইনোভেশন টিম
২.	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা	১. “ডাইফ একসেবা মোবাইল এপ্লিকেশন” টি Google Playstore এ প্রদানের নিমিত্তে সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন। এ সংক্রান্ত প্রয়োজনীয় অর্থের সংস্থান হলেই	১. Google Playstore এ মোবাইল এপ্লিকেশন রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য হিসাব উপশাখার দায়িত্বে নিযুক্ত শ্রম পরিদর্শক	শ্রম পরিদর্শক (সাধারণ), হিসাব উপশাখা, ইনোভেশন টিম

ক্রঃ নং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>কাজটি সম্পন্ন করা যাবে বলে তিনি সভাকে জানান।</p> <p>২. চলতি মাস থেকে “ওয়ানক্লিক রিপোর্টিং সিস্টেম” দ্বারা কোভিড-১৯ বিশেষ পরিদর্শন রিপোর্ট সারা দেশ থেকে সংগ্রহ করা হচ্ছে বলে সদস্য সচিব সভাকে অবহিত করেন।</p> <p>৩. সেবা সহজীকরণ উদ্যোগ “ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম” এর বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। সিস্টেমটিতে ইউজার আইডি এবং স্টকের তথ্য হালনাগাদের কাজ চলমান রয়েছে বলে সদস্য সচিব জানান।</p>	<p>(সাধারণ) কে নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>২. “ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম”টি চলতি অর্থবছরে পরীক্ষামূলকভাবে শুধুমাত্র প্রধান কার্যালয়ে চালু করার জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়।</p> <p>৩. ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯৫ ভাগের উপর রাখতে হবে বলে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p>	

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




সাক্ষির আনোয়ার
শ্রম পরিদর্শক (সাধারণ)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭. ২০৭/২

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ ১৪২৮
১৯ মে ২০২১

অনুলিপি সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাপরিদর্শক, সেইফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপমহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



সাক্ষির আনোয়ার
শ্রম পরিদর্শক (সাধারণ)